# এসএসসি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন** বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** ১০

(ক) বই পড়া।

(খ) পরিবেশ দূষণ।

২. **যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** ১০

(ক) তোমার এলাকার ‘ ডেঙ্গু জ্বরের’ প্রতিকারের আবেদন জানিয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে চিঠি লেখো।

অথবা, (খ) বিদ্যালয়ে শেষ দিনের মানসিক অবস্থা জানিয়ে তোমার বন্ধুর নিকট একখানা পত্র লেখো।

৩. **সারাংশ লেখো:** ১০

(ক) আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ডবেগে শুধু আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে সেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়ি না খুঁজলেই নয়। উঠবার সিঁড়িটা না খুঁজে পেলে আমাদের আত্মবিনাশ যে অনিবার্য তাতে আর কোনো সন্দেহ থাকে না।

Teachingbd24.com
https://teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) পরের মুখে শেখা বুলি পাখির মত কেন বলিস?
পরের ভঙ্গি নকল করে নটের মত কেন চলিস?
তোর নিজত্ব সর্বাঙ্গে তোর দিলেন বিধাতা আপন হাতে,
মুছে সেটুকু বাজে হলি, গৌরব কি বাড়ল তাতে?
আপনারে যে ভেঙ্গে চুরে গড়তে চায় পরের ছাঁচে,
অলীক, ফাঁকি, মেকি সেজে, নামটা তার কদিন বাঁচে?
পরের চুরি ছেড়ে দিয়ে আপন মাঝে ডুবে যারে,
খাঁটি ধন যা সেথায় পাবি, আর কোথাও পাবি নারে।

**৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** **১০**

(ক) ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ।

(খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা তারে যেন তৃণ সমদহে।

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** **১০**

(ক) 'আইন-শৃঙ্খলা পরিস্থিতি' এই শিরোনামে সংবাদপত্রে প্রকাশ উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

(খ) তোমার বিদ্যালয়ে 'বিজ্ঞান মেলা' উদ্‌যাপন উপলক্ষ্যে একটি প্রতিবেদন করো।

**৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** **২০**

(ক) শ্রমের মর্যাদা

(খ) কম্পিউটার ও আধুনিক জীবন

(গ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ ও তার প্রতিকার।

https://teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র
## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট — পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. "মরি! মরি! কী সুন্দর প্রভাতের রূপ"— এখানে অনন্বয়ী অব্যয়ে কী ভাব প্রকাশ পেয়েছে?**

ⓚ যন্ত্রণা ⓚh উচ্ছ্বাস
ⓖ বিরক্তি ⓖh সম্মতি

**২. বিধেয় বিশেষণ সর্বদাই কার পরে বসে?**

ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) অব্যয় ঘ) ক্রিয়া

**৩. শিক্ষক বললেন, 'পৃথিবী গোলাকার'— এর পরোক্ষ উক্তি কোনটি হবে?**

ক) শিক্ষক বললেন, 'পৃথিবী গোলাকার'।
খ) শিক্ষক বললেন যে, পৃথিবী গোলাকার।
গ) শিক্ষক বললেন, পৃথিবী হয় গোলাকার।
ঘ) শিক্ষক বললেন, গোলাকার এই পৃথিবী।

**৪. একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন চিহ্ন বসবে?**

ক) ড্যাশ
খ) কোলন
গ) সেমিকোলন
ঘ) পূর্ণচ্ছেদ

**৫. "বাঁশি বাজে ঐ মধুর লগনে"— এটা কোন বাচ্যের উদাহরণ?**

ক) কর্মবাচ্য খ) কর্তৃবাচ্য
গ) ভাববাচ্য ঘ) কর্মকর্তৃবাচ্য

**৬. 'আকুঞ্চন' এর বিপরীত শব্দ কোনটি?**

ক) শান্ত খ) আকাঙ্ক্ষা
গ) প্রসারণ ঘ) কুঞ্চিত

**৭. নিচের কোনটি ভাবে সপ্তমীর উদাহরণ?**

ক) আমাদের সেনারা যুদ্ধে অপরাজেয়।
খ) একদা প্রভাতে ভানুর প্রভাতে ফুটিল কমলকলি।
গ) চন্দ্রোদয়ে কুমুদিনী বিকশিত হয়।
ঘ) প্রভাতে উঠিল রবি লোহিত বরণ।

**৮. 'তামার বিষ'— বাগধারার অর্থ কী?**

ক) অহংকার খ) ক্ষণস্থায়ী
গ) অর্থের কু-প্রভাব ঘ) টনক নড়া

**৯. সাধু ও চলিত ভাষার মূল পার্থক্য কোন পদে বেশি দেখা যায়?**

ক) বিশেষ্য ও বিশেষণে
খ) ক্রিয়া ও সর্বনামে
গ) বিশেষ্য ও ক্রিয়ার
ঘ) বিশেষণ ও ক্রিয়ায়

**১০. নিচের কোনটি তদ্ভব শব্দের গুচ্ছ?**

ক) চন্দ্র, সূর্য, গ্রহ, নক্ষত্র
খ) আইন, আদালত, দারোগা, পুলিশ
গ) মাথা, চোখ, নাক, কান
ঘ) লাল, নীল, সবুজ, খয়েরী

**১১. ণ-ত্ব ও ষ-ত্ব বিধান ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**

ক) ধ্বনিতত্ত্বে খ) শব্দতত্ত্বে
গ) বাক্যতত্ত্বে ঘ) রূপতত্ত্বে

**১২. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ?**

ক) লাল > নাল খ) শুনিয়া > শুনে
গ) লাফ > ফাল ঘ) অলাবু > লাউ

**১৩. অ-কার কিংবা আ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে কী হয়?**

ক) ও-কার খ) ঔ-কার
গ) এ-কার ঘ) ঐ-কার

**১৪. ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?**

ক) নবীনা খ) মালিকা
গ) কনিষ্ঠা ঘ) বালিকা

Teachingbd24.com

১৫. বিভক্তিযুক্ত পদের দুইবার ব্যবহারকে বলা হয়—

(ক) ধ্বন্যাত্মক দ্বিরুক্তি (খ) অনুকার দ্বিরুক্তি
(গ) পদাত্মক দ্বিরুক্তি (ঘ) বাক্যের দ্বিরুক্তি

১৬. এক এককের $\frac{৩}{৪}$ কে পরবর্তী সংখ্যার কী বলা হয়?

(ক) পোয়া (খ) পৌনে
(গ) সিকি (ঘ) সাড়ে

১৭. কোন দুটি শব্দ কেবল জন্তুর বহুবচনে ব্যবহৃত হয়?

(ক) পাল ও পুঞ্জ (খ) যূথ ও মালা
(গ) পাল ও যূথ (ঘ) নিকর ও রাজি

১৮. 'পোয়াটাক দুধ দাও'— এ বাক্যে ব্যবহৃত পদাশ্রিত নির্দেশক দ্বারা কী প্রকাশ পেয়েছে?

(ক) নির্দিষ্টতা
(খ) অনির্দিষ্টতা
(গ) সুনির্দিষ্টতা
(ঘ) কোনটিই নয়

১৯. "সারাটি সকাল তোমার আশায় বসে আছি।"— এখানে 'সারাটি' কোন অর্থ প্রকাশ করেছে?

(ক) নির্দিষ্টতা (খ) অনির্দিষ্টতা
(গ) নিরর্থকভাব (ঘ) সামান্যতা

২০. কৃদন্ত পদের সঙ্গে উপপদের যে সমাস হয় তার নাম কী?

(ক) অলুক তৎপুরুষ (খ) উপপদ তৎপুরুষ
(গ) নঞ তৎপুরুষ (ঘ) সপ্তমী তৎপুরুষ

২১. 'কমলাক্ষ' এর সটিক ব্যাসবাক্য হলো—

(ক) কমল অক্ষির ন্যায়
(খ) কমল অক্ষের ন্যায়
(গ) কমলের ন্যায় অক্ষি যার
(ঘ) কমলের ন্যায় অক্ষ যার

২২. কোনটি শব্দের আগে বসে?

(ক) অনুসর্গ (খ) উপসর্গ
(গ) প্রত্যয় (ঘ) বিভক্তি

২৩. খাঁটি বাংলা উপসর্গ মোট কয়টি?

(ক) এগারোটি (খ) বারোটি
(গ) একুশটি (ঘ) বাইশটি

২৪. নিচের কোন উপসর্গগুলো তৎসম ও বাংলায় পাওয়া যায়?

(ক) অ, অঘা, অজ, অনা
(খ) সু, বি, নি, আ
(গ) আ, উপ, অপ, অপি
(ঘ) অনা, ইতি, কু, সম

২৫. 'হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে'— বাক্যে ব্যবহৃত 'হের' ধাতুটি কোন প্রকারের?

(ক) আরবি (খ) হিন্দি
(গ) ফারসি (ঘ) অজ্ঞাতমূল

২৬. 'যা কিছু হারায় গিন্নি বলেন, কেষ্টা বেটাই চোর'— এখানে 'হারায়' কোন ধাতু?

(ক) নাম ধাতু (খ) সংযোগমূলক ধাতু
(গ) কর্মবাচ্যের ধাতু (ঘ) ভাববাচ্যের ধাতু

২৭. কোন শব্দটি 'অনট' প্রত্যয়যোগে গঠিত?

(ক) শুনানি (খ) নয়ন
(গ) ডুবন্ত (ঘ) কাঁদন

২৮. 'মহিমা' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?

(ক) মহি + মা (খ) মহা + ইমা
(গ) মহা + ইমন (ঘ) মহৎ + ইমন

২৯. 'সন্দেশ' কোন শ্রেণির শব্দ?

(ক) রূঢ়ি (খ) যোগরূঢ়
(গ) দেশি (ঘ) যৌগিক

৩০. গঠন অনুসারে শব্দ কত প্রকার?

(ক) দুই প্রকার (খ) তিন প্রকার
(গ) চার প্রকার (ঘ) পাঁচ প্রকার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ক |

https://teachingbd24.com